গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) ইউনিট
www.rdcd.gov.bd

"বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন"

স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৪৩.১৬.০০১.২২.২২১ তারিখ: ৩০ ভাদ্র ১৪৩০
১৪ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: **পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজীকৃত এবং ডিজিটাইজকৃত সেবার তালিকা প্রেরণ।**

সূত্র: স্মারক নং- ০৪.০০.০০০০.৮৩৩.০৪.০০২.২০.১৫৫ তারিখ: ২৪/০৮/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০২ আগস্ট ২০২৩ খ্রি. তারিখ মন্ত্রিপরিষদ বিভাগের সচিব (সমন্বয় ও সংস্কার) এর সভাপতিত্বে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুষ্ঠিত ই-সার্ভিস মনিটরিং কমিটির সভার কার্যবিবরণীর ২.১ নং সিদ্ধান্ত অনুযায়ী পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত এবং ডিজিটাইজকৃত সেবার তালিকা সংযুক্ত ছক মোতাবেক সফট কপিতে (ওয়ার্ড ফাইল ও পিডিএফ ফাইল) এতদসংগে প্রেরণ করা হলো।

**সংযুক্তি:**

১। ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত এবং ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ ছক (ওয়ার্ড ফাইল),
২। ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত এবং ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ ছক (হার্ড ফাইল)।

১৮-৯-২০২৩
প্রকৌশলী মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী
সিস্টেম এনালিস্ট
ফোন: +৮৮-০২২২৩৩৫২২৩১
ইমেইল: system.analyst@rdcd.gov.bd

সচিব, সমন্বয় ও সংস্কার
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ

**দৃষ্টি আকর্ষণঃ** উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৪৩.১৬.০০১.২২.২২১/১(৯) তারিখ: ৩০ ভাদ্র ১৪৩০
১৪ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), ই-গভর্নেন্স-২ অধিশাখা , মন্ত্রিপরিষদ বিভাগ
২) উপসচিব (প্রশাসন), প্রশাসন অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৩) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৪) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

৫) প্রোগ্রামার, আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

৬) সহকারী প্রোগ্রামার, আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

৭) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

৮) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও বাজেট অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

৯) ব্যক্তিগত কর্মকর্তা [যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট)], প্রশাসন ও বাজেট অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ



১৮-৯-২০২৩
প্রকৌশলী মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী
সিস্টেম এনালিস্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রণালয়/বিভাগের নাম: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত_উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।

**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম** | **সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| ০১. | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার জন্য "মামলা ব্যবস্থাপনা সিস্টেম" | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অধীন এ বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার মামলা সংক্রান্ত সকল তথ্য প্রদান, তথ্য আপলোড, মনিটরিং কার্যক্রম ইত্যাদি ডিজিটাইজ করা হয়েছে। | কার্যকর আছে। | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে। | http://case.rdcd.gov.bd/ | |
| ০২. | র‍্যাপিড ডিজিটাইজেশনের মাধ্যমে অভ্যন্তরীণ সেবার সকল ছুটি জন্য আবেদন ডিজিটাইজকৃত। নাগরিক সেবা ডিজিটাইজ করা হয়েছে। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর অধীন সেবা ডিজিটাইজেশনের জন্য র‍্যাপিড ডিজিটাইজেশনের মাধ্যমে অভ্যন্তরীণ সেবার সকল ছুটি ("অর্জিত ছুটির (অভ্যন্তরীণ), (বহিঃ বাংলাদেশ) মঞ্জুরের আবেদন", "নৈমিত্তিক ছুটির | বর্তমানে ডিজিটাইজকৃত সেবাসমূহ কার্যকর আছে। এ বিভাগের কর্মচারীগণ উক্ত ডিজিটাইজকৃত সেবার মাধ্যমে বিভিন্ন ছুটির | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে। | ডিজিটাইজকৃত সেবাসমূহে আবেদনের জন্য এ বিভাগের কর্মচারীগণ rdcd.gov.bd এর অভ্যন্তরীণ ই-সেবা থেকে ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম-এ ক্লিক করে myGov system-এ প্রবেশ করে। myGov system-এ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সেবা তালিকায় প্রবেশ করে তাদের প্রয়োজনীয় আবেদন করে | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | | জন্য আবেদন", "অসাধারণ ছুটি", "অধ্যায়ন ছুটি", "সংগনিরোধ ছুটি", "প্রসূতি ছুটির জন্য আবেদন", "প্রাপ্যতাবিহীন ছুটি", "অবসর-উত্তর ছুটি", "অক্ষমতাজনিত ছুটি", "চিকিৎসা ছুটি মঞ্জুরের আবেদন", "চিকিৎসা ছুটি মঞ্জুর (বহিঃ বাংলাদেশ)", "বিশেষ অসুস্থতাজনিত ছুটি" ও "শ্রান্তি-বিনোদন ভাতা ও ছুটি মঞ্জুরীর আবেদন"), "চাকুরী স্থায়ীকরণের আবেদন" এবং "গাড়ী রিকুইজিশনের জন্য আবেদন" ডিজিটাইজ করা হয়েছে। নাগরিক সেবার "তথ্য অধিকার আইনের আওতায় তথ্য প্রাপ্তির আবেদন" এবং "তথ্য প্রাপ্তির আপিল অভিযোগ আবেদন" ডিজিটাইজ করা হয়েছে। ডিজিটাইজকৃত সেবাসমূহে আবেদনের জন্য এ বিভাগের কর্মচারীগণ rdcd.gov.bd এর অভ্যন্তরীণ ই-সেবা থেকে ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম-এ ক্লিক করে myGov system-এ প্রবেশ করে। | আবেদন করে থাকেন। | | থাকেন। | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | | myGov system-এ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সেবা তালিকায় প্রবেশ করে তাদের প্রয়োজনীয় আবেদন করে থাকেন। | | | | |
| ০৩. | বিসিএস (সমবায়) ক্যাডারের ৯ম গ্রেড ও তদুর্ধ্ব গ্রেডভুক্ত কর্মকর্তাগণের শ্রান্তি বিনোদন ছুটির আবেদন ও নিস্পত্তি সহজিকরণ। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর অধীন এ বিভাগের আওতাধীন সমবায় অধিদপ্তরের মাঠ পর্যায় ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে কর্মরত বিসিএস (সমবায়) ক্যাডারের ৯ম গ্রেড ও তদুর্ধ্ব গ্রেডভুক্ত কর্মকর্তাগণের শ্রান্তি বিনোদন ছুটির আবেদন ও নিস্পত্তি সহজিকরণ করা হয়েছে। বর্তমানে rdcd.gov.bd এর অভ্যন্তরীণ ই-সেবা থেকে ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম-এ ক্লিক করে myGov system-এ প্রবেশ করে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের র‍্যাপিড ডিজিটাইজেশনের অভ্যন্তরীন সেবা'র অধীন 'শ্রান্তি বিনোদন ভাতা ও ছুটি মঞ্জুরীর আবেদন' নামক অনলাইন এ্যাপলিকেশন-এর সাহায্যে ই-নথির মাধ্যমে পল্লী উন্নয়ন ও | কার্যকর আছে। | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে। | বর্তমানে rdcd.gov.bd এর অভ্যন্তরীণ ই-সেবা থেকে ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম-এ ক্লিক করে myGov system-এ প্রবেশ করে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের র‍্যাপিড ডিজিটাইজেশনের অভ্যন্তরীন সেবা' র অধীন 'শ্রান্তি বিনোদন ভাতা ও ছুটি মঞ্জুরীর আবেদন' নামক অনলাইন এ্যাপলিকেশন-এর সাহায্যে ই-নথির মাধ্যমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন-২ শাখা' র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে দৃষ্টি আকর্ষণ করে এবং অনুলিপি' তে তার উর্ধ্বতন সকল পর্যায়ের কর্মকর্তাগণ' কে অবহিত রেখে সরাসরি এ বিভাগের সচিব বরাবর প্রেরণ করতে পারেন। | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | | সমবায় বিভাগের প্রশাসন-২ শাখা'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে দৃষ্টি আকর্ষণ করে এবং অনুলিপি'তে তার উর্ধ্বতন সকল পর্যায়ের কর্মকর্তাগণ'কে অবহিত রেখে সরাসরি এ বিভাগের সচিব বরাবর প্রেরণ করতে পারেন। | | | | |
| ০৪. | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব / অতিরিক্ত সচিব / যুগ্মসচিব মহোদয়ের সাথে সাক্ষাৎ-এর জন্য "ডিজিটাল সাক্ষাৎকার সিস্টেম"। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর অধীন "ডিজিটাল সাক্ষাৎকার" সেবাটি উদ্ভাবন করা হয়েছে। উক্ত উদ্ভাবনী সেবার মাধ্যমে দেশ/বিদেশ-এর বিভিন্ন প্রান্ত থেকে কোন সাধারণ মানুষ এ বিভাগের সচিব/অতিরিক্ত সচিব/যুগ্মসচিব মহোদয়গণের সাথে অনলাইন প্লাটফর্মে সাক্ষাৎ করতে পারবেন। যেহেতু সচিবালয়ে প্রবেশে সীমাবদ্ধতা রয়েছে এবং দেশের দূর প্রান্ত থেকে মানুষজনের আসার কষ্ট লাঘবের জন্য এটি একটি ভাল উদ্যোগ হিসেবে বিবেচনা করা যেতে পারে। | বর্তমানে উদ্ভাবনী উদ্যোগটি পাইলটিং পর্যায়ে কার্যকর আছে। | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ থেকে আরও প্রচার-প্রচারনা করা হচ্ছে। | http://appointment.rdcd.gov.bd/ | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম** | **সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| ০৫. | “আইসিটি সমস্যার অভিযোগ” সিস্টেম | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর অধীন “আইসিটি সমস্যার অভিযোগ” সিস্টেম-এর মাধ্যমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কর্মচারীগণ তাদের বিভিন্ন আইসিটি বিষয়ক সমস্যাদি এ বিভাগের আইসিটি ইউনিটে আবেদন করে থাকেন। | কার্যকর আছে। | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে। | সেবাটি এ বিভগের নিজস্ব LAN এর মধ্যে চলমান রয়েছে।<br><br>rdcd.gov,bd এর অভন্তরীণ ই-সেবা’র তালিকার মধ্যে “অভ্যন্তরীন আইসিটি সেবা” তে ক্লিক করে সফ্‌টওয়্যারে প্রবেশ করতে হবে। | |

**দপ্তর / সংস্থার নাম: সমবায় অধিদপ্তর**

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | **ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ)** | **সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডয়াটি কর্যকর আছে কি-না/ না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| ০১ | সমবায় অধিদপ্তরের লাইব্রেরি ব্যবস্থাপনা ডিজিটাইজেশন। তারিখ : ০৩/০৫/২০২৩ খ্রি. | সমবায় অধিদপ্তরের অবস্থিত লাইব্রেরিটিতে ম্যানুয়্যাল পদ্ধতিতে বই/আইন/বিধি/উপ আইন/ম্যাগাজিন/চাকরির বিধিমালা/বাংলা ইংরেজি অভিধানসহ বিভিন্ন প্রকাশনা রিকুজিশন ও রিটার্ণ ব্যবস্থাপনা ম্যানুয়্যাল পদ্ধতিতে সম্পন্ন করা হতো। এই সেবাটি ডিজিটাইজেশন করা হয়েছে যাতে করে দ্রুততম সময়ে কার্যকরভাবে লাইব্রেরির ব্যবস্থাপনা করা সম্ভব হয়। এটি বাস্তবায়নের ফলে নির্দিষ্ট সময়ে বই আদান প্রদান করা সম্ভব হচ্ছে ও সেবা ব্যবহারকারী কর্তৃক বই/আইন/বিধি/উপ আইন/ম্যাগাজিন ইত্যাদি গ্রহণ ও ফেরত প্রদানে অপেক্ষমান সময় উল্লেখযোগ্য হারে হ্রাস পাচ্ছে। | কার্যকর আছে | সেবা গ্রহীতা প্রত্যাশিত ফলাফল পাচ্ছে | 103.125.253.222/lms/ | সার্ভারটি বিসিসিতে স্থানান্তরের প্রক্রিয়া চলমান আছে |

**বি:দ্র :** বর্তমানে সেবাটি একটি অস্থায়ী সার্ভারে থাকায় সেবা প্রদান কিছুটা ধীরগতিতে চলছে। অতি দ্রুত এটি বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল সার্ভারে স্থানান্তরিত করা হলে সেবা গ্রহীতাগণ পরিপূর্ণ সেবা পাবেন।

দপ্তর / সংস্থার নাম: বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্র: নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| উদ্ভাবনী ধারণা | | | | | | |
| ০১. | BRDB SME Software<br>তারিখঃ ০৯ মার্চ ২০২২ | গ্রামীণ জনগোষ্ঠীকে ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে দারিদ্র্য বিমোচন ও আত্মকর্মসংস্থান সৃষ্টির উদ্দেশ্যে "কোভিড-১৯ প্রণোদনা: পল্লী উদ্যোক্তা ঋণ তহবিল পরিচালন নীতিমালা" এর আলোকে বিআরডিবি এসএমই ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম বাস্তবায়ন করছে। এতদ সম্পর্কিত প্রতিবেদন প্রণয়ন ও পরিবীক্ষণ কার্যক্রম স্বচ্ছ ও জবাদিহিমূলক করার লক্ষ্যে উদ্যোগটি সারাদেশে বাস্তবায়ন করা হচ্ছে। | কার্যকর | পাচ্ছে | https://brdbsme.com/ | |
| ০২. | Online Reporting System<br>তারিখঃ ০৯ জুন ২০২০ | পল্লী এলাকায় বিতরণকৃত এবং আদায়কৃত ঋণের তথ্যসমূহ সদরদপ্তরে প্রেরণের ক্ষেত্রে দীর্ঘসূত্রিতা রোধ করার জন্য "Online Reporting System" বাস্তবায়ন করা হয়েছে। ঋণ আদায়/বিতরণ সম্পর্কিত প্রতিবেদন প্রণয়ন ও পরিবীক্ষণ কার্যক্রম স্বচ্ছ ও জবাদিহিমূলক করার লক্ষ্যে উদ্যোগটি সারাদেশে বাস্তবায়ন করা হচ্ছে। | কার্যকর | পাচ্ছে | https://orms.brdb.xyz/ | |
| ০৩. | BRDB Mobile Index<br>তারিখঃ ০২ জুলাই ২০১৮ | বিআরডিবি সদরদপ্তর কর্তৃক সরবরাহকৃত মাঠ পর্যায় ও সদরদপ্তরের জন্য অফিসিয়াল কর্পোরেট মোবাইল নম্বরগুলো বিচ্ছিন্ন থাকায় সে সকল নম্বরগুলো একটি সিস্টেমে আনয়নের লক্ষ্যে এবং কর্মকর্তাদের সাথে যোগাযোগ স্থাপন করার জন্য "BRDB Mobile Index apps" টি তৈরী করা হয়। অ্যাপটির মাধ্যমে কর্পোরেট নম্বরে যোগাযোগ করা এবং কর্মকর্তাদের দাপ্তরিক মেইলে দাপ্তরিক কার্যক্রম বাস্তবায়ন করা যাচ্ছে। | কার্যকর | পাচ্ছে | https://play.google.com/store/search?q=brdb+mobile+index&c=apps | |
| ০৪. | জনবান্ধব কর্মী সৃষ্টি<br>তারিখঃ ০২ জুলাই ২০১৮ | বিআরডিবি বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করে থাকে। এই সব প্রকল্পে অফিস সহায়ক বিদ্যমান আছে। যাদের চাকুরীর শুরু থেকে কোন ধরনের প্রশিক্ষণ প্রদান করা হয়নি। এ কারনে তারা তাদের দায়িত্ব | কার্যকর | পাচ্ছে | https://brdb.portal.gov.bd/ | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্র: নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | | ও কর্তব্য সম্পর্কে অধিক সচেতন না। সাধারন জনগন অফিসে সেবা নিতে এসে প্রথমে অফিস সহায়কের দ্বারস্থ হন। তাদের সঠিক দিক নির্দেশনা প্রদান করতে ব্যর্থ হন। মূলত জনবান্ধব কর্মী সৃষ্টির মাধ্যমে জনবান্ধব সেবা প্রদান সম্ভব হবে এবং সেবা গ্রহিতা সরকারী দপ্তর সম্পর্কে গঠনমূলক ধারনা এবং কাঙ্খিত সেবা পেয়ে ফিরে যেতে পারে সে কারণে "জনবান্ধব কর্মী সৃষ্টি" উদ্যোগটি রেপ্লিকেশন হিসেবে বাস্তবায়িত হচ্ছে। | | | | |
| ০৫. | Digital Training Store House<br>তারিখঃ ০২ জুলাই ২০১৮ | সরকারী এবং বেসরকারী প্রতিষ্ঠান সমুহ কর্তৃক সাধারনত দেশের প্রান্তিক জনগণ সহ সুফলভোগীদের বিভিন্ন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ দেওয়া হয়। এসকল প্রশিক্ষণ সাধারণত বিভিন্ন প্রশিক্ষক বিভিন্নভাবে প্রদান করত। এ সমস্যা দূরীকরণে কন্টেন্টসমূহ বিভিন্ন সুবিধাজনক ফরমেটে (ওয়ার্ড ফাইল, পাওয়ার পয়েন্ট স্লাইড ফাইল, পিডিএফ ফাইল, ইমেজ ফাইল ইত্যাদি) সাজানো হয়েছে যা সংশ্লিষ্ট লিকে পাওয়া যাচ্ছে। এসব কন্টেন্ট সেবা প্রদানকারী এবং সেবা গ্রহণকারী উভয়ে ব্যবহার করতে পারেন। এটি যে কোন কম্পিউটার, ল্যাপটপ, ট্যাব ও স্মার্ট ফোন বা এন্ড্রোয়েড মোবাইল ফোনে ব্যবহার করতে পারেন। "Digital Training Store House" উদ্যোগটি আঞ্চলিক পর্যায়ে রেপ্লিকেশন হিসেবে বাস্তবায়িত হচ্ছে। | কার্যকর | পাচ্ছে | https://sites.google.com/view/brdb-dtsh | |
| | | **সহজিকৃত সেবা** | | | | |
| ০১ | বিআরডিবি'র পেনশন প্রত্যাশী কর্মকর্তা/কর্মচারীদের অভ্যন্তরীণ দায়-দেনা প্রতিবেদন প্রদান সহজিকরণ<br>তারিখঃ ১৫ মে ২০১৯ | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডে রাজস্ব বাজেটভুক্ত কর্মচারীদের চাকুরী হতে অবসরোত্তর পেনশন প্রদান একটি নিয়মিত কার্যক্রম এবং পেনশন প্রত্যাশী কর্মকর্তা/কর্মচারীদের চাকুরীকালীন দায়-দেনার তথ্য মাঠ পর্যায়েসহ বিআরডিবি'র সদর দপ্তরে অভ্যন্তরীণভাবে বিভিন্ন শাখা থেকে সংগ্রহ করতে হয়। অনুসৃত অনুশীলন থেকে প্রতীয়মান যে, সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রচেষ্টা ও | কার্যকর | পাচ্ছে | https://brdb.portal.gov.bd/site/view/sps_data | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্র: নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | | আন্তরিকতা সত্ত্বেও অভ্যন্তরীণ দায়-দেনা প্রতিবেদন প্রদান করতে বিলম্ব হয় । "বিআরডিবি'র পেনশন প্রত্যাশী কর্মকর্তা/কর্মচারীদের অভ্যন্তরীণ দায়-দেনা প্রতিবেদন প্রদান" সেবাটি সহজিকরণের লক্ষ্যে বিআরডিবি'র পেনশন প্রত্যাশীদের অভ্যন্তরীণ দায়-দেনা প্রতিবেদন প্রদান সংক্রান্ত কার্যক্রমটি আর সহজে যথাসময়ে এবং দ্রুত সম্পন্ন সম্ভবপর হচ্ছে। | | | | |
| ০২ | ঋণ বিতরণ প্রক্রিয়া সহজিকরণ (আবর্তক)<br>তারিখঃ ১৫ মে ২০১৯ | বিআরডিবি'র মূল কার্যক্রমের অন্যতম একটি কর্মসূচি 'আবর্তক'। এখানে একজন সুবিধাভোগী ঋণ গ্রহণ করতে যেয়ে দীর্ঘসূত্রিতার মধ্যে পড়তে হতো। এই সমস্য সমাধানে "ঋণ বিতরণ প্রক্রিয়া সহজিকরণ (আবর্তক)" ব্যবস্থাপনায় একই দিনে একটি সভার মাধ্যমে ঋণ আবেদনপূরণ ও প্রাথমিক সমিতির ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত গ্রহণের ফলে ঋণ বিতরণে দীঘসূত্রিতা রোধ হয়েছে। উপপরিচালকের কাযালয় থেকে হাতে হাতে অনুমোদন গ্রহণ / ই-মেইলের মাধ্যমে অনুমোদন প্রেরণ ও গ্রহণ করার ফলে সুবিধাভোগীগণ সঠিক সময়ে ঋণ পাচ্ছে এবং যথাসময়ে ঋণ বিতরনের ফলে ঋণের সঠিক ব্যবহার নিশ্চিত করা যাচ্ছে। এছাড়াও সুবিধাভোগীদের কর্মঘন্টা সাশ্রয় হচ্ছে এবং ঋণের অর্থ ব্যাংকে অলসভাবে পড়ে থাকছে না। এ সহজিকরণের ফলে বিআরডিবি'র পেনশন প্রত্যাশীদের অভ্যন্তরীণ দায়-দেনা প্রতিবেদন প্রদান আরো সহজে, যথাসময়ে এবং দ্রুত সম্পন্ন করা যাচ্ছে। | কার্যকর | পাচ্ছে | | |
| ০৩ | কু-ঋণ ব্যবস্থাপনা/ব্যবহার সহজিকরণ (সদাবিক)<br>তারিখঃ ১৫ অক্টোবর ২০১৯ | জীবন ও জীবিকার উপর অনিবার্য অভিঘাতের কারণে ঋণ পরিশোধে অক্ষম এবং যুক্তিযুক্ত সময় অতিক্রান্ত হবার পরও তা আদায়ের সম্ভাবনা না থাকলে সে ঋণ কু-ঋণ হিসবে বিবেচিত হবে। সদাবিকের বিতরণকৃত ঋণের আদায়কৃত সেবামূল্যের | কার্যকর | পাচ্ছে | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্র: নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | | নির্ধারিত অংশ(০.২৫%) দ্বারা কু-ঋণ তহবিল গঠিত হয়। মৃত ব্যক্তির বৈধ ওয়ারিশগণ, নদীভাঙ্গন, উপর্যুপরি বন্যা, খরা ছাড়াও স্থায়ীভাবে এলাকা ত্যাগ, দুর্ঘটনায় পঙ্গুত্ববরণ, অগ্নিদগ্ধ বা প্রাণ ঘাতি কোন ব্যাধিতে আক্রান্ত, দেওলিয়া ঋনী সহ আরো অন্যান্য অসহায় সদস্য কু-ঋণের আওতাভুক্ত হয়। | | | | |
| ০৪ | গ্রামীণ ক্ষুদ্র অবকাঠামো নির্মাণ স্কীম অনুমোদন সহজিকরণ প্রক্রিয়া<br>তারিখঃ ১৪ ডিসেম্বর ২০২০ | গ্রামীণ ক্ষুদ্র অবকাঠামো নির্মাণ স্কীম অনুমোদন সহজিকরণ প্রক্রিয়াটি পল্লী এলাকার হোল্ডিং ট্যাক্স আদায়ে অনিশ্চয়তা, উপকারভোগীগণের ১৫% প্রদানে অনিশ্চয়তা, ইউপি'র ৫% প্রদানে গড়িমশি প্রকল্প সমাপ্তির পর উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়নে ফান্ডের অভাব, ইউসিসিএম অনুষ্ঠানের প্রজ্ঞাপণ জারির অনিশ্চয়তা ইত্যাদি সমস্যা সমাধানে আরো সহজে, যথাসময়ে এবং দ্রুত সম্পন্ন করার জন্য "গ্রামীণ ক্ষুদ্র অবকাঠামো নির্মাণ স্কীম অনুমোদন সহজিকরণ প্রক্রিয়া" কার্যক্রমটি সহজিকরণ করা হয়েছে। | কার্যকর | পাচ্ছে | | |
| ০৫ | পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায় এর ঋণ অনুমোদন প্রক্রিয়া সহজিকরণ<br>তারিখঃ ০৩ মে ২০২৩ | দরিদ্র মহিলা ও পুরুষদের আর্থ-সামাজিক উন্নয়নের সক্রিয় সংগঠন সৃষ্টি ও ব্যবস্থাপনা, সংগঠিত উপকারভোগীদের সচেতনতা ও উপযুক্ত জীবিকায়নের মাধ্যমে আয়বর্ধন সক্ষমতা উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টি, কোভিড-১৯ এর কারণে বিদেশ ফেরৎ কর্মহীন শ্রমিকদের কর্মমূখী প্রশিক্ষণোত্তর পুনর্বাসন, সুফলভোগীদের উৎপাদিত পণ্য বাজারজাতকরণে বিপণন সংযোগ স্থাপন এবং ন্যায্যমূল্য প্রাপ্তি নিশ্চিতকরণ ইত্যাদি পজীপ-৩ এর মূল কার্যক্রম। সর্বোপরি, টেকসই পল্লী উন্নয়নের লক্ষ্যে প্রকল্পভুক্ত ২২০টি উপজেলা ও পল্লী উন্নয়ন দলকে সার্বিক জীবিকায়নের মাধ্যমে স্বয়ম্ভর ও শক্তিশালীকরণ। ঋণ অনুমোদন প্রক্রিয়া সহজিকরণের মাধ্যমে সময় ১৯ দিন, খরচ ৪৫০ টাকা, যাতায়াত ০৪ বার, ধাপ ১০টি এবং জনবল ০৩ জন কমিয়ে আনা হয়েছে। এতে তরে এ | কার্যকর | পাচ্ছে | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **ক্র: নং** | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ)** | **সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| | | প্রকল্পের সুবিধাভোগীরা উপকৃত হচ্ছে। | | | | |
| **ডিজিটাইজকৃত সেবা** | | | | | | |
| ০১ | কম্পিউটার/আইসিটি সরঞ্জাম মেরামত চাহিদা ফরম<br>তারিখঃ ১৩ ফেব্রুয়ারি ২০২০ | "কম্পিউটার/আইসিটি সরঞ্জাম মেরামত/চাহিদা ফরম" সেবাটির মাধ্যমে বিআরডিবি সদরদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীরা তাদের ব্যবহৃত স্ব স্ব দাপ্তরিক কম্পিউটার/আইসিটি সরঞ্জাম মেরামত করার জন্য অনলাইনে চাহিদা প্রেরণ করতে পারবেন। ফর্মটি বিআরডিবি'র ওয়েবসাইটের মেন্যুবারের "কম্পিউটার/আইসিটি সরঞ্জাম মেরামত/চাহিদা ফরম" মেন্যু থেকে ব্যবহার করা যাবে। | কার্যকর | পাচ্ছে | https://brdb.portal.gov.bd/forms/form/Feedbackform | |
| ০২ | আইসিটি সমস্যা নিবারণ<br>তারিখঃ ১৪ ফেব্রুয়ারি ২০২১ | "আইসিটি সমস্যা নিবারণ" সেবাটির মাধ্যমে বিআরডিবি সদরদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীরা তাদের ব্যবহৃত স্ব স্ব দাপ্তরিক কম্পিউটার/আইসিটি সরঞ্জাম মেরামত করার জন্য অনলাইনে চাহিদা প্রেরণ করতে পারবেন। ফর্মটি বিআরডিবি'র ওয়েবসাইটের মেন্যুবারের "আইসিটি সমস্যা নিবারণ" মেন্যু থেকে ব্যবহার করা যাবে। | কার্যকর | পাচ্ছে | https://brdb.portal.gov.bd/forms/form/Feedbackform | |
| ০৩ | লাইব্রেরী পাঠ্য উপকরণ বরাদ্দ ফর্ম<br>তারিখঃ ২৭ ডিসেম্বর ২০২১ | "লাইব্রেরী পাঠ্য উপকরণ বরাদ্দ ফর্ম" সেবাটির মাধ্যমে বিআরডিবি সদরদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী তাদের চাহিদা মোতাবেক লাইব্রেরির বইয়ের তালিকা দেখতে পারবেন এবং নির্দিষ্ট সংখ্যক বই এর চাহিদা অনলাইনে প্রেরণ করতে পারবেন। ফর্মটি বিআরডিবি'র ওয়েবসাইটের মেন্যুবারের "লাইব্রেরী পাঠ্য উপকরণ বরাদ্দ ফর্ম" মেন্যু থেকে ব্যবহার করা যাবে। | কার্যকর | পাচ্ছে | https://docs.google.com/forms/d/e/1FAIpQLSf0xEu2Nl3i1FadGM-zrX5Em3MCzkU8MRCjWDSi1UsLy3HtIA/viewform | |

দপ্তর / সংস্থার নাম: বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্র: নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণার নাম | উদ্ভাবনী ধারণার সংক্ষিপ্ত বিবরণ | আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ১. | Power Factor Improvement (PFI) Plant এর মাধ্যমে বৈদ্যুতিক অপচয় রোধ করে Power Factor Charge (PFC) শূণ্যকরণ (২০২০-২০২১) | **সমস্যাঃ** বার্ডের PFI Plant টি সচল না থাকায় দীর্ঘদিন যাবৎ প্রচুর পরিমাণে বিদ্যুৎ অপচয় হচ্ছিল। এই অপচয় বাবদ প্রতিমাসে ৮৭,১৪৪/- সহ গড়ে ৭০,০০০/- টাকা এবং বাৎসরিক ৮,০০,০০০/- টাকার অধিক অতিরিক্ত বিদ্যুৎ বিল পরিশোধ করা হতো।<br>**সমাধানঃ** PFI Plant টি সচল করার ফলে বৈদুতিক অপচয় ও PFI Charge শূন্য এসেছে।<br>**ফলাফলঃ** ১। বৈদ্যুতিক অপচয় শূন্যতে এসেছে।<br>২। প্রতিমাসে গড়ে ৭০,০০০/- সাশ্রয় হচ্ছে। | না | বৈদ্যুতিক অপচয় হ্রাস পাওয়ায় প্রতিমাসে গড়ে ৭০,০০০/- সাশ্রয় হচ্ছে। এর সুফল সার্বিকভাবে একাডেমির সর্বস্তরের সেবাগ্রহীতাগণ পাচ্ছেন। | | |
| ২. | পাহাড়ী অঞ্চলে ছোট জলাধার তৈরির মাধ্যমে উন্নত জাতের হাঁস পালন ও আয়বর্ধন (২০২০-২০২১) | **বাস্তবায়নের পূর্বের অবস্থাঃ**<br>আগে পাহাড়ি এলাকায় মানুষ হাঁস পালনে আগ্রহী ছিলনা। কারণ, তারা মনে করে হাঁস পালন করতে হলে যেহেতু পানি লাগে সেহেতু পানি না থাকার কারনে পাহাড়ি অঞ্চলে হাঁস পালন করা সম্ভব নয়।<br>**বাস্তবায়ন পরের অবস্থাঃ**<br>বার্ড এর অভিজ্ঞতার আলোকে কুমিল্লার বুড়িচং ও সদর দক্ষিণ উপজেলার পাহাড়ি অঞ্চলে বাস্তবায়িত ছোট জলাধার তৈরি করে হাঁস পালন করেছেন। উক্ত হাঁস পালনের মাধ্যমে তাঁদের মধ্যে এই বিশ্বাস জন্মেছে যে বড় জলাধার ছাড়াও পাহাড়ি এলাকায় ছোট জলাধার তৈরি করে হাঁস পালন করা যায়। খামারীগণ মনে করেন যে, যেহেতু পাহাড়ি অঞ্চলে একটি নতুন ধারণা পেয়েছেন, তারা পাহাড়ে এখন হাঁস পালন করতে পারবেন। এই হাঁস পালনের মাধ্যমে তাঁদের আয়ের সুযোগ সৃষ্টি হবে এবং হাঁসের মাংস ও ডিম থেকে পুষ্টি জোগান দিতে পারবেন। | হ্যাঁ। | বার্ড এর অভিজ্ঞতার আলোকে কুমিল্লার বুড়িচং ও সদর দক্ষিণ উপজেলার পাহাড়ি অঞ্চলে বাস্তবায়িত ছোট জলাধার তৈরি করে হাঁস পালন করছেন।<br>একাডেমিতে আগত প্রশিক্ষণার্থী/দর্শনার্থীগণ নিয়মিত খামার পরিদর্শনের মাধ্যমে হাঁস পালনে আগ্রহী হচ্ছেন। | | |
| ৩. | পরিবেশ সুরক্ষায় পলিথিন জাতীয় বর্জ্য | নিদিষ্ট লক্ষ্য হলোঃ<br>ক) মাটি ও পানি দূষণে পলিথিন ও প্লাস্টিক জাতীয় বস্তুর দীর্ঘস্থায়ী ক্ষতিকর প্রভাব সম্পর্কে অবহিতকরণ; | হ্যাঁ।<br>ধারণাটির কার্যক্রম | **ধারণাটি বাস্তবায়নের সুফলসমূহ:**<br>১. চরের মাটি, পানি ও বায়ুর দূষণ হ্রাস | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্র: নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণার নাম | উদ্ভাবনী ধারণার সংক্ষিপ্ত বিবরণ | আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | ব্যবস্থাপনা (২০২০-২১) | খ) মাটি ও পানি দূষণরোধে করণীয়; এবং<br>গ) চরাঞ্চলের মানুষকে পলিথিন জাতীয় দ্রব্য ব্যবহার শেষে পরিবেশবান্ধব পন্থায় ব্যবস্থাপনা করার বিষয়ে উদ্বুদ্ধ করা।<br>পরিবেশ দূষণে পলিথিন ও প্লাস্টিক জাতীয় বস্তু ব্যবহার শেষে যথাস্থানে ব্যবস্থাপনা না করা অন্যতম কারণ। এই সকল বর্জ্য সুনিয়ন্ত্রিত পন্থায় ব্যবস্থাপনা করার লক্ষ্যে অভিযোজন পদ্ধতিতে চরাঞ্চলের মানুষের জীবিকার মানোন্নয়ন শীর্ষক প্রায়েগিক গবেষণা প্রকল্পের দুটি গ্রামে গঠিত সংগঠনের সুফলভোগীদের পলিথিন জাতীয় বস্তুর ব্যবহার হ্রাসে ও যথাস্থানে ব্যবস্থাপনার করার বিষয়ে উদ্বুদ্ধ করা এবং কমিউনিটি পর্যায়ে স্বাস্থ্যসম্মত ব্যবস্থাপনার স্থান নির্ধারণ করা ও যত্রতত্র স্থানে ফেলা পলিথিন জাতীয় দ্রব্যাদি সংগ্রহ করে একস্থানে পুঞ্জীভূত করা। গ্রামের বাজার, স্কুল, কিন্ডারগার্ডেন এবং কমিউনিটি পর্যায়ে পরিবেশ বান্ধব ড্রাম/পাত্র স্থাপন করে নিদিষ্ট স্থানে ছাত্র-ছাত্রীসহ সকল শ্রেণী পেশার মানুষকে নির্দিষ্ট স্থানে পলিথিন জাতীয় বর্জ্য ফেলায় উদ্বুদ্ধ করা এবং সংলগ্ন পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনা টিমের সাথে সমন্বয় সাধন করে পুনর্ব্যবহার ও পুনর্ব্যবহার উপযোগী করায় সহায়তা করা।<br>বাজারের দোকানে পলি বর্জ্য সংরক্ষণের জন্য ঝুড়ি ও বস্তা সরবরাহ করা। এছাড়া, কমিউনিটি পর্যায়ে নারী ও চরের দোকানদার পলিথিন জাতীয় বর্জ্য নির্দিষ্ট পরিমাণে (পঞ্চাশ কেজির বস্তা ভর্তি) ও প্রণোদোনা হিসেবে নির্ধারিত টাকায় (১০০ টাকায়) সংগ্রহ করার উদ্যোগ গ্রহণ করা হয়। পরিবেশ বান্ধব ব্যাগ ব্যবহারে চরবাসীকে অভ্যস্ত করার লক্ষ্যে পুরাতন প্যান্টের কাপড় দিয়ে তৈরিকৃত ব্যাগ সমিতির সুফলভোগীদের প্রদান করা হয়। সংগ্রহকৃত কিছু বর্জ্য পৌর ভাগারে ফলো ও অবশিষ্ট বর্জ্য পুনর্ব্যবহারের জন্য উপজেলা পর্যায়ের ব্যবসায়ীদের প্রদান করা হয়। উদ্ভাবনী ধারনাটি ২০২০-২১ অর্থ বছরের জন্য বার্ড কর্তৃক ইনোভেশন পুরস্কারের জন্য মনোনীত হয়। | **পুরাতন চরচাষী গ্রাম, গুয়াগাছিয়া ইউনিয়ন, গজারিয়া উপজেলা, মুন্সীগঞ্জ ও নতুন হাসনাবাদ গ্রাম, উত্তর দাউদকান্দি ইউনিয়ন, দাউদকান্দি উপজেলা, কুমিল্লায় চলমান রয়েছে।** | পাচ্ছ।<br>২. ক্ষতিকর পদার্থ বিশেষত পলিথিন ও প্লাস্টিকের দ্রব্যরে ব্যবহার কমে যাচ্ছ।<br>৩. চরাঞ্চলের কমিউনিটি পর্যায়ে জনগণ পলিথিন জাতীয় দ্রব্যের ক্ষতিকর প্রভাব সম্পর্কে অবহিত হচ্ছেন।<br>৪. গ্রামের বাজার, স্কুল, মাদরাসা ও কমিউনিটি পর্যায়ে পরিবেশ বান্ধব পন্থায় প্লাস্টকি বর্জ্য সংরক্ষণ বৃদ্ধি পাচ্ছে।<br>৫. কমিউনিটি পর্যায়ে উৎসাহী বর্জ্য ব্যবস্থাপনা ভলান্টিয়ার তৈরি হয়েছে।<br>৬. র‌্যালী আয়োজনরে মাধ্যমে পরিবেশ সুরক্ষায় গৃহীত কার্যক্রমের প্রচার ও প্রসার বৃদ্ধি পাচ্ছ | | |
| ৪. | বার্ডের কর্মরত সকলের জন্য Contact Management App তৈরি (২০২১- | **সমস্যাঃ**<br>ক) মোবাইল নম্বর হারিয়ে গেলে বার্ডের সকলের মোবাইল নম্বর প্রাপ্তি কঠিন হয়ে পড়ে।<br>খ) মোবাইল নম্বরের লিস্ট আপডেট থাকেনা।<br>গ) সকলের মোবাইল লিস্টে পাওয়া যায় না।<br>**সমাধানঃ** | হ্যাঁ | উদ্যোগটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>সেবা গ্রহীতা কর্তৃক উদ্যোগটির কার্যকর ব্যবহার বৃদ্ধির জন্য প্রচেষ্টা অব্যাহত রয়েছে। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্র: নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণার নাম | উদ্ভাবনী ধারণার সংক্ষিপ্ত বিবরণ | আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | ২২) | ক) মোবাইল যোগাযোগ ব্যবস্থা সহজীকরণ।<br>খ) সময় সাশ্রয়ীকরণ।<br>**বাস্তবায়নের পরবর্তী সুফলঃ**<br>বার্ডে কর্মরত সকলের মোবাইল নম্বর অ্যাপটির মাধ্যমে ব্যবহার করা সম্ভব হচ্ছে। বার্ডে প্রশিক্ষণপ্রাপ্ত প্রশিক্ষণার্থীর মোবাইল নম্বর সংরক্ষণ থাকছে। এছাড়াও কোন প্রশিক্ষণার্থী কোথায় কর্মরত আছে তা জানা সম্ভবপর হচ্ছে। আবার মোবাইল হারিয়ে গেলে সকলের মোবাইল নম্বর নতুন করে সংরক্ষণ করা প্রয়োজন হচ্ছে না। | | | | |
| ৫. | হাঁস-মুরগির খাদ্য হিসেবে ব্ল্যাক সোলজার ফ্লাই উৎপাদন ও ব্যবহার (২০২১-২২) | **সমস্যার বিবরণঃ** পোল্ট্রি খাতে প্রায় ৬০% খরচ হয় খাবার সরবরাহ করতে গিয়ে। আবার অনেক ক্ষেত্রেই খাদ্যে বিভিন্ন ধরণের ভেজাল পাওয়া যায়। দানাদার খাদ্যে পরিমাণমত প্রোটিন ও অন্যান্য ভিটামিন মিনারেলের ঘাটতি থাকে। এসব বিবেচনায় পোল্ট্রি খাদ্যে স্বল্প মূল্যে প্রোটিন, ভিটামিন ও মিনারেল সরবরাহের লক্ষ্যে বিকল্প খাদ্য হিসাবে ব্ল্যাক সোলজার ফ্লাই চাষের উদ্যোগ নেয়া হয়েছে। তাছাড়া, এ পদ্ধতিতে উৎপাদিত জৈবসার কৃষি জমিতে ব্যবহার করে জমির উর্বরতা বৃদ্ধিকরা সম্ভব হবে।<br>**সমস্যার সমাধানঃ** গ্রামীণ পোল্ট্রি শিল্পের বিকাশ ঘটবে, খামারী লাভবান হবে এবং জৈব খামার গড়ে উঠবে। উল্লেখ্য যে এ প্রযুক্তিটি খুব কম খরচে সহজেই বাস্তবায়নযোগ্য।<br>**ফলাফলঃ** গ্রামীণ পোল্ট্রি শিল্পের বিকাশ ঘটবে, খামারী লাভবান হবে এবং জৈব খামার গড়ে উঠবে। তাছাড়া এ প্রযুক্তির মাধ্যমে উৎপাদিত জৈব সার কৃষিজ উৎপাদনে ভূমিকা রাখবে। | না | উদ্যোগটি বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছিলো তবে প্রযুক্তিগত সীমাবদ্ধতার কারণে উদ্যোগটির সফল বাস্তবায়ন করা যায়নি। তবে উদ্যোগটি সফলভাবে বাস্তবায়নের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। | | |
| ৬. | **নদীতে দলগতভাবে ভাসমান খাঁচায় IFCAS (Integrated Floating Cage Aquageoponics System) পদ্ধতিতে মাছ ও সবজির সমন্বিত চাষ** (২০২১- | ২০২১-২২ অর্থ বছরে উদ্ভাবনী ধারনা বাস্তবায়নের অংশ হিসেবে চরাঞ্চলের মানুষের জীবিকার মানোন্নয়নের একটি উপায় হিসেবে নদীতে 'ইফকাস' (IFCAS - Integrated Floating Cage Aquageoponics System) বা ভাসমান খাঁচায় মাছ ও সবজি চাষের সমন্বিত পদ্ধতির সফল প্রদর্শনী স্থাপন করা হয়। উদ্ভাবনী ধারনাটি ২০২১-২২ অর্থ বছরের জন্য বার্ড কর্তৃক ইনোভেশন পুরস্কারের জন্য মনোনিত হয়।<br>'অভিযোজন পদ্ধতিতে চরাঞ্চলের মানুষের জীবিকার মানোন্নয়ন' শীর্ষক প্রায়োগিক | হ্যাঁ।<br>**ধারণাটির কার্যক্রম পুরাতন চরচাষী গ্রাম, গুয়াগাছিয়া ইউনিয়ন, গজারিয়া উপজেলা, মুন্সীগঞ্জ সংলগ্ন গোমতী নদীতে ভাসমান** | **ধারণাটি বাস্তবায়নের সুফলসমূহ:**<br>১. ইফকাস পদ্ধতিতে তিনটি স্তরে অভিযোজিত কৃষি উৎপাদন করা হচ্ছে।<br>২. রাসায়নিক সারের পরিবর্তে জৈব সার, ভার্মিকম্পোষ্ট ইত্যাদি ব্যবহার | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **ক্র: নং** | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণার নাম** | **উদ্ভাবনী ধারণার সংক্ষিপ্ত বিবরণ** | **আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| | ২২) | গবেষণা প্রকল্পের পুরাতন চরচাষী গ্রাম, গজারিয়া উপজেলা, মুন্সীগঞ্জ সংলগ্ন গোমতী নদীতে খাঁচায় মাছ ও সবজি চাষের এ লাভজনক প্রযুক্তিটি সম্প্রসারণ করা হয়। ইফকাস পদ্ধতিতে তিনটি স্তরে অভিযোজিত কৃষি উৎপাদন করা হয়েছে। নীচের স্তরে ভাসমান খাঁচায় মাছ উৎপাদন করার পাশাপাশি দ্বিতীয় স্তরে খাঁচায় উপরিভাগে প্লাস্টিক ট্রেতে উচ্চমূল্যের পাতা জাতীয় (লেটুস, পুদিনা ইত্যাদি) এবং তৃতীয় স্তরে বিভিন্ন লতানো সবজি (লাউ, চালকুমড়া, শিম ইত্যাদি) উৎপাদন করা হয়েছে। বর্ষাকালে চাষযোগ্য জমি তলিয়ে যাওয়ার ফলে দেশের চরাঞ্চলের অনেক কৃষক ও শ্রমিক কর্মহীন হয়ে পরেন। একই ধরনের চিত্র বাংলাদেশের হাওর ও উপকূলীয় অঞ্চলে বিদ্যমান। 'ইফকাস' পদ্ধতিতে নদীতে ভাসমান খাঁচায় মাছ ও উচ্চমূল্যের শাক-সবজি চাষের মাধ্যমে চরাঞ্চল ও সমধর্মী এলাকার বেকার যুবকদের কর্মসংস্থান সৃষ্টি করা সম্ভব।<br>এ প্রযুক্তিটি জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দুর্যোগের কবলে পড়া কৃষকদের বিকল্প আয়ের উৎস হিসেবে জনপ্রিয়তা লাভ করতে পারে। এছাড়া প্রাকৃতিক সম্পদের যথাযথ ও বহুবিধ ব্যবহার বৃদ্ধির মাধ্যমে টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে ইফকাস প্রযুক্তি সহায়ক ভূমিকা পালন করতে পারে। পরিবর্তিত জলবায়ু পরিস্থিতিতে ইফকাস পদ্ধতি প্রান্তিক কৃষকের দারিদ্র্য বিমোচন ও পুষ্টি নিশ্চিতের একটি মডেল হতে পারে। | **খাঁচায় চলমান রয়েছে।** | করে নিরাপদ খাদ্য উৎপাদিত হচ্ছে।<br>৩. কীটনাশকের পরিবর্তে জৈববালাইনাশক, ফেরোমন ট্রাপ ব্যবহার করে ক্ষতিকর পোকামাকড় দমন করা হচ্ছে।<br>৪. চরে কর্মসংস্থান সৃষ্টি হয়েছে ও জেলে কৃষকগণ ভাসমান মাছের খাঁচায় অতিরিক্ত শাক-সবজি উৎপাদন করে লাভবান হচ্ছেন।<br>৪. নদীতে ভাসমান মাছের খাঁচায় ইফকাস পদ্ধতিতে শাক-সবজি চাষাবাদের উদ্ভাবনী ধারণাটির প্রচার হচ্ছে। | | |

দপ্তর / সংস্থার নাম: পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), বগুড়া

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ১. | Task Management App (Web and Mobile App: Service Digitalization | এই লিংক-এর মাধ্যমে আরডিএ'র কর্মকর্তাদের দৈনন্দিন কার্যক্রম নির্ধারণ করা হয় এবং মনিটরিং করা হয়। | আছে | ফলাফল পাচ্ছে | http://task.rdasurvey.com/ | |
| ২. | Training Evaluation Apps | আরডিএ বগুড়ায় চলমান প্রশিক্ষণগুলোর বক্তা মূল্যায়ন করা হয়। | আছে | ফলাফল পাচ্ছে | http://task.rdasurvey.com/ | |
| ৩. | RDA Online Data Survey | গবেষণা তথ্য সংগ্রহ করার কাজে ব্যবহৃত হয়। | আছে | ফলাফল পাচ্ছে | | |
| ৪. | Digital Nursery Management | আরডিএ নার্সারিতে উৎপাদিত গাছের চারা বিক্রি করা হয়। | আছে | ফলাফল পাচ্ছে | www.rdanursery.com | |
| ৫. | RDA Credit Mobile App:Service process Simplification | আরডিএ ক্রেডিট কার্যক্রম পরিচালনা করা হয়। | আছে | ফলাফল পাচ্ছে | | |
| ৬. | আইপি ক্যামেরা | প্রদর্শনী খামার মনিটরিং করা হয়। | আছে | ফলাফল পাচ্ছে | | |
| ৭. | আইপি ফোন | দাপ্তরিক ব্যহারে আভ্যন্তরীন যোগাযোগ সহজ করার কাজে ব্যবহৃত হয়। | আছে | ফলাফল পাচ্ছে | | |

দপ্তর / সংস্থার নাম: বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ-৮১১০

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ০১. | বাপার্ড কৃষি পরামর্শ কেন্দ্র স্থাপনের মাধ্যমে চাষীদের কৃষিকাজ সহজীকরণ (১২/০৪/২০২২ খ্রিঃ) | জাতির পিতার নামে প্রতিষ্ঠিত বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড) কৃষিসহ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ, গবেষণা, প্রায়োগিক গবেষণা ও পরামর্শ সেবা প্রদান করে থাকে। পরামর্শ সেবা প্রদানের অংশ হিসেবে বাপার্ডে কৃষি পরামর্শ কেন্দ্র স্থাপনের মাধ্যমে কৃষক/কৃষাণী/ কৃষি সংশ্লিষ্ট কর্মে নিয়োজিত ব্যাক্তিবর্গের মধ্যে আধুনিক কৃষি প্রযুক্তির প্রসার ও পরামর্শ সেবা প্রদান করা হয়। একজন সেবাগ্রহিতা এ কেন্দ্র হতে সরাসরি অথবা টেলিফোনের মাধ্যমে কৃষি বিষয়ক যে কোন সমস্যার সমাধানসহ আধুনিক প্রযুক্তি ও তথ্য সেবা পায়। | কার্যকর আছে | হাঁ | https://service.rdcd.gov.bd/services/info?id=BDGS-1638425107&office=8954<br>মোবাইলঃ ০১৮৭৮৫৭২৪৩০/ ই-মেইলঃshamimsau71@gmail.com / সরাসরি বাপার্ডে ভিজিট | |
| ০২. | ফিস ডিজিজ ক্লিনিক স্থাপনের মাধ্যমে মাছচাষ সহজীকরণ (১২/০৪/২০২২ খ্রিঃ) | ফিস ডিজিজ ক্লিনিকের মাধ্যমে কৃষক সরাসরি বাপার্ডে ভ্রমণের করে/ টেলিফোনের মাধ্যমে মাছ চাষ বিষয়ক পরামর্শ সেবা গ্রহণ করে। এছাড়াও মাছের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা দ্বারা অতিমাত্রায় যত্রতত্র এন্টিবায়োটিক/মেডিসিন ব্যবহার কমানো হয়। ফলে স্বাস্থ্যসম্মত ও রোগমুক্ত মাছ উৎপাদন বৃদ্ধি পাবে। | কার্যকর আছে | হাঁ | সরাসরি বাপার্ডে ভিজিট/ মোবাইলঃ ০১৭১৭৯১২৯৪৪/ ই-মেইলঃ ashis.bapard@gmail.com | |
| ০৩. | স্বল্প খরচে ইনকিউবেটরের মাধ্যমে ডিম হতে | হাঁস-মুরগি পালনের সময় খামারীরা সময়মত বাচ্চা প্রাপ্তি ও বাচ্চা স্বল্পতার কারনে ক্ষতিগ্রস্থ হয় এবং অনেকে মুরগি পালনের উৎসাহ হারিয়ে ফেলছে। তবে ইনকিউবেটরের মাধ্যমে যেকোন সময় এবং অধিকহারে বাচ্চা উৎপাদন করা | কার্যকর আছে | হাঁ | https://service.rdcd.gov.bd/services/info?id=BDGS-1638425279&office=895 | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | বাচ্চা উৎপাদন (১২/০৪/২০২২ খ্রিঃ) | সম্ভব। এজন্য বাপার্ড একটি ক্ষুদ্র উদ্যোগ (ইনকিউবেটরের মাধ্যমে মুরগির বাচ্চা উৎপাদন) গ্রহন করেছে। এ প্রকল্পের মাধ্যমে স্থানীয়ভাবে ইনকিউবেটর সরবরাহ করা হবে। | | | 4 | |
| ০৪. | বাপার্ডে উন্নত প্রযুক্তির সহায়তায় ইন্টেলিজেন্স ইরিগেশন সিস্টেম (আই আই এস) উদ্ভাবন (২৮/০২/২০২২ খ্রিঃ) | ইন্টেলিজেন্স ইরিগেশন সিস্টেম একটি স্বয়ংক্রিয় সেচ ব্যবস্থা যার মাধ্যমে কৃষকের অনুপস্থিতে জমিতে সঠিকভাবে সেচ কার্য সম্পাদন করে। ইন্টেলিজেন্স ইরিগেশন সিস্টেমের মাধ্যমে মাটির নির্দিষ্ট আদ্রতা অনুযায়ী এবং জমিতে পানির পরিমান ঠিক রেখে সেচ দেওয়া সম্ভব যার ফলে জমিতে যতটুকু পানি প্রয়োজন হবে ঠিক ততটুকুই পানি সেচ দেওয়া যাবে। সে ক্ষেত্রে ফসল উৎপাদনে পানির অপচয় এবং বিদ্যুতের অপচয় বহুলাংশে কমে যাবে। ইন্টালিজেন্স ইরিগেশন সিস্টেম (আই আই এস) কে ভবিষ্যতে গবেষণার মাধ্যমে আরও উন্নত করে মোবাইল ফোন প্রযুক্তির অথবা ইন্টারনেটের মাধ্যমে খামারের মাটির আদ্রতা, সেচ এবং তাপমাত্রার তথ্য যেকোনো স্থানে থেকে জানা সম্ভব হবে, তাই ডেমো আকারে বাপার্ডে কৃষি খামারের দুইটি প্লটে ইন্টেলিজেন্স ইরিগেশন সিস্টেম (আই আই এস) চালু করা হয়। | কার্যকর আছে | হাঁ | বাপার্ডে সরাসরি ভিজিটের মাধ্যমে | |
| ০৫. | একাডেমির গ্রান্ডফ্লোরে অফিস কক্ষের পরিচিতি নম্বর সম্বলিত দিক নির্দেশনা বোর্ড স্থাপন (৩০/০৩/২০২৩ খ্রিঃ) | সেবা গ্রহনে সেবা প্রদানের স্থান চিহ্নিতকরণ প্রক্রিয়া সেবা সহজীকরণের অন্যতম একটি বিশেষ ধাপ। প্রতিষ্ঠানের সকল কক্ষের পরিচিতি বা কক্ষ সম্পর্কে সম্যক ধারণা লাভ করতে পারলে একজন সেবা গ্রহীতা দ্রুত সময়ে কক্ষে গিয়ে তার কাঙ্খিত সেবাটি স্বল্প সময়ে গ্রহন করতে পারেন। সেবা গ্রহণের জন্য প্রতিষ্ঠানের সকল কক্ষ সম্পর্কে ধারণা থাকা একজন সেবা গ্রহীতার জন্য জরুরী। | কার্যকর আছে | হাঁ | বাপার্ডে সরাসরি ভিজিটের মাধ্যমে | |

## দপ্তর / সংস্থার নাম: পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপুর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়া কার্যকর আছে কি-না/ না থাকলে বিবরণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ১ | অনলাইন পরিদর্শন প্রতিবেদন | পিডিবিএফ এ কর্মরত ডিডি, এস এ ডি এবং ইউডিবিও-দের সমিতি, ঋণ, কার্যালয় পরির্দশন এবং অডিট সংক্রান্ত সকল পরিমাপক সহযোগে একটি সংক্ষিপ্ত আঙ্গিকের ফরম প্রস্তুত করা হয়েছে। যা অতি শীঘ্র সকল আঞ্চলিক কার্যালয়, আঞ্চলিক অডিট কার্যালয়, শাখা ও অনুশাখা কার্যালয়ে প্রবর্তিত হবে। এ উদ্ভাবনশীল পরিবীক্ষণ কৌশল অবলম্বন করা হলে তা একটি কার্যালয়ের সকল তথ্য তাৎক্ষনিকভাবে নিরীক্ষনের সুযোগ উন্মুক্ত করবে। | কার্যকর রয়েছে | প্রত্যাশিত ফলাফল পাচ্ছে | https://script.google.com/macros/s/AKfycby-S5_VUd70kJkXPF4PVlQPKbETnpwPrMJ1XVZsDSJBPiVq1yHSjBJB2Wo4BK2NvY2_/exec | |
| ২ | সেলফ অডিটিং | প্রতিষ্ঠানের আভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা দৃঢ়করণ, সার্বিক কার্যক্রমের স্বচ্ছতা, জবাবদিহিতা, দাপ্তরিক কাজে শৃঙ্খলা প্রতিষ্ঠা, স্বীয় দায়িত্ববোধ বৃদ্ধি ও কাজের ত্রুটি বিচ্যুতির সংখ্যা হ্রাস করা। পিডিবিএফ এর মাঠ পর্যায়ের ২৭টি আঞ্চলিক কার্যালয় এবং ৪০৩টি উপজেলা/অনুশাখা কার্যালয়ে প্রথম দফায় সেলফ অডিটিং সম্পন্ন হয়েছে। এছাড়া পিডিবিএফ-এর ১৩৪টি কার্যালয়ের অডিট কার্যত্রমের অনুসৃতি (Follow up)-এর রেকর্ড সংকলিত হয়েছে। অন্যান্য কার্যালয়ের অনুসৃতির রেকর্ড পর্যালোচনাধীন রয়েছে। | কার্যকর রয়েছে | প্রত্যাশিত ফলাফল পাচ্ছে | প্রযেজ্য নহে | |
| ৩ | গুগল শীট ব্যবহারের মাধ্যমে মাঠের কার্যক্রম তদারকীকরণ এবং প্রতিদিনের হালনাগাদকৃত তথ্য সংগ্রহ | গুগল শীট ব্যবহার করে ঋণ কার্যক্রমের সাথে সম্পৃক্ত মাঠ কর্মী এবং অন্যান্য কর্মকর্তাদের তদারকীকরণ। এছাড়া গুগল শীট ব্যবহার করে সারা দেশের প্রতিটি উপজেলা ও জেলা কার্যালয়ের প্রতিদিনের ঋন সংক্রান্ত যাবতীয় তথ্য সংগ্রহ করা এবং তাৎক্ষণিক তথ্য সমন্বিতকরণ ও বিশ্লেষণ পূর্বক দিক নির্দেশনা প্রদান। | কার্যকর রয়েছে | প্রত্যাশিত ফলাফল পাচ্ছে | https://docs.google.com/spreadsheets/d/1QExYBWxa_RPjwkDlnz7RchPKSWaEfij1sllbtTNlmj4/edit#gid=1112217188 | |
| ৪ | AnyDesk App ব্যবহার করে উপজেলা ও জেলা পর্যায়ে কারিগরি সহায়তা প্রদান করা | AnyDesk App ব্যবহার করে উপজেলা ও জেলা পর্যায়ে ব্যবহৃত কম্পিউটারের সমস্যা সমাধান করা এবং পিডিবিএফ এ চলমান Offline Software (FoxPro Based) এর নানাবিধ সমস্যা সমাধান করা। | কার্যকর রয়েছে | প্রত্যাশিত ফলাফল পাচ্ছে | প্রযেজ্য নহে | |

## দপ্তর / সংস্থার নাম: ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ০১. | অনলাইন অটোমেশন সেবা তারিখ: ২৯/০২/২০১৬ খ্রি: | ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের ২০১৫-১৬ অর্থ বছরে অনলাইন অটোমেশন সেবার মাধ্যমে তাৎক্ষণিকভাবে সদস্যগণ নিজ নিজ সঞ্চয় ও ঋণের কিস্তি বকেয়া ঋণের পরিমাণ ও অন্যান্য সকল তথ্য অনলাইন দেখতে ও প্রয়োজনে ব্যবহার করতে পারবেন।<br>এছাড়া অনলাইনে এসএফডিএফ-এর সকল সদস্যের নাম, আইডি নম্বর, মোবাইল নম্বর, স্থায়ী ঠিকানা, ঋণ গ্রহণের পরিমাণ, কিস্তি পরিশোধের তথ্য ও অনাদায়ী কিস্তি খেলাপি ও তামাদি খেলাপির সকল তথ্য তাৎক্ষণিকভাবে জানার সুযোগ রয়েছে। | কার্যকর আছে | সেবাগ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে | www.microfin.360//sfdf | |
| ০২. | এসএফডিএফ-এর প্রধান কার্যালয়ের সকল কম্পিউটার কেন্দ্রীয় নেটওয়ার্ককে (LAN) সংযুক্তকরণ তারিখ: ০৩/১০/২০১৭ খ্রি: | ২০১৭-১৮ অর্থবছরে ফাউন্ডেশনের দ্রুত কাজ নিষ্পন্নের লক্ষ্যে কোন ফাইল/ফোল্ডার এক কম্পিউটার থেকে অন্য কম্পিউটারে স্থানান্তর সম্ভব হয়েছে এবং মনিটরিং ব্যবস্থা ডিজিটাইজ হয়েছে। | কার্যকর আছে | প্রত্যাশিত ফলাফল পাচ্ছে | \\192.168.88.----- | |
| ০৩. | SMS Service চালু তারিখ: ১৯/১০/২০২০ খ্রি: ১০/০১/২০১৯ খ্রি: | ফাউন্ডেশনের ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ অর্থ বছরে অটোমেশনে সুফলভোগীদের সঞ্চয় ও ঋণ সংক্রান্ত তথ্যাদিসহ অন্যান্য যাবতীয় ডাটাবেজের সাথে সদস্যদের মোবাইল নম্বর সংযোজিত হয়। সদস্যদের দৈনিক সঞ্চয় ও ঋণের সকল ধরনের লেনদেনের এসএমএস সদস্যদের মোবাইল নম্বরে অটো প্রেরণ করা হয়। ফলে সদস্যগণ দিনের মধ্যেই তাদের সঞ্চয় ও ঋণের সকল তথ্যাদি এসএমএস এর মাধ্যমে অবহিত হতে পারেন। | কার্যকর আছে | সেবাগ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে | www.microfin.360//sfdf | |
| ০৪. | সদস্যের সঞ্চয় উত্তোলন/ সমন্বয় ও ফেরত কার্যক্রম তারিখ: ১৩/০৮/২০২০ খ্রি: | সদস্যের সঞ্চয় উত্তোলন/সমন্বয় ও ফেরতের আবেদন মাঠ কর্মকর্তা কর্তৃক যাচাই করে মতামতসহ উপজেলা ব্যবস্থাপকের নিকট দাখিলের পর উপজেলা ব্যবস্থাপক | কার্যকর আছে | সেবাগ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে। | www.microfin.360//sfdf | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | | অনুমোদনের সুপারিশসহ আবেদনের স্ক্যান কপি অনলাইনে প্রধান কার্যালয়ে প্রেরণ করেন। প্রধান কার্যালয় ঐ সদস্যের অটোমেশনে এন্ট্রিকৃত ডাটা পর্যালোচনা করে তাৎক্ষণিকভাবে মঞ্জুর/নামঞ্জুর করে একইভাবে অনলাইনে উপজেলা কার্যালয়ে পাঠানো হয়। ফলে সদস্যদের সঞ্চয় উত্তোলন/সমন্বয় ও ফেরতের ক্ষেত্রে যে কোন ধরনের অনিয়ম রোধ করা যায়। | | | | |
| ০৫. | ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের সংযোজনী কমিয়ে আনা ১৭/০৫/২০২২ খ্রি: | ফাউন্ডেশন ২০২১-২২ অর্থবছরে সেবা সহজিকরণের লক্ষ্যে ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের ২০টি সংযোজনী পরিবর্তন/সংশোধনপূর্বক ৫টি সংযোজনী করা হয়েছে।<br>পূর্বে ফাউন্ডেশনে ক্ষুদ্র উদ্যোক্তা ঋণে ২০টি সংযোজনী ছিল যা পূরণ করতে উপজেলা ব্যবস্থাপকের সময় লাগত ৩ ঘন্টা এবং ফটোকপি ও অন্যান্য ব্যয়সহ খরচ লাগত ৮০০ টাকা। বর্তমানে ৫টি সংযোজনী করা হয়েছে সময় লাগে ৩০ মিনিট এর খরচ ৪০০ টাকা (জামিনদারের ৩০০ টাকার স্ট্যাম্পসহ) | চলমান | সেবাগ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে। | www.sfdf.gov.bd | |
| ০৬. | বায়োমেট্রিক মেশিন চালু তারিখ: ১৩/০২/২০২১ খ্রি: | ফাউন্ডেশন ২০২১-২২ অর্থবছরে একাধিক ঋণ গ্রহণ ও ভূয়া ঋণ গ্রহণ সংক্রান্ত অনিয়ম রোধ করার জন্য সদস্যদের আঙ্গুলের ছাপ সংরক্ষণের লক্ষ্যে বায়োমেট্রিক মেশিন অটোমেশন সফটওয়্যারের সাথে সংযোগ স্থাপনের সম্পন্ন করা হচ্ছে। ঋণ বিতরণের সময় বায়োমেট্রিক মেশিনের মাধ্যমে সদস্যদের আঙ্গুলের ছাপ অটোমেশন সফটওয়্যারে সংরক্ষণ করা হয়। ফলে একজন সদস্য অন্য নামে বা নিজ নামে নিজ উপজেলা বা ফাউন্ডেশনের আওতাধীন অন্য কোন উপজেলায় ঋণ গ্রহণ করতে গেলে অটোমেশন সফটওয়্যার নোটিফিকেশন দিবে। ফলে একসাথে বা ভিন্ননামে একাধিক ঋণ নিতে সক্ষম হবেন না। পাশাপাশি এনআইডিতে প্রদত্ত আঙ্গুলের ছাপ ও স্বাক্ষরের সাথেও তা চেক করার ব্যবস্থাও প্রক্রিয়াধীন রয়েছে। | চলমান | সেবাগ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে। | www.microfin.360//sfdf | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ)** | **সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| ০৭. | ক্ষুদ্র ও ক্ষুদ্র উদ্যোক্তা কার্যনির্দেশিকা ও ঋণ বিতরণ সংক্রান্ত ফরমসমূহ সহজিকরণ<br>তারিখ: ১৭/০৪/২০২৩ খ্রি: | ২০২২-২৩ অর্থ বছর<br>১। ক্ষুদ্র ঋণ কার্যনির্দেশিকা-২০১৮ বাস্তব উপযোগী ও সহজিকরণ করে "ফাউন্ডেশনের ক্ষুদ্র ঋণ কার্যনির্দেশিকা-২০২২" প্রকাশ<br>২। ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ কার্যনির্দেশিকা-২০১৮ বাস্তব উপযোগী ও সহজিকরণ করে "ফাউন্ডেশনের ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ কার্যনির্দেশিকা-২০২২" প্রকাশ।<br>৩। ঋণ বিতরণ সংক্রান্ত ফরমসহ সহজিকরণ করে ক্ষুদ্র ঋণে ০৬টি ফরমের পরিবর্তে ০৪টি ফরম ও ক্ষুদ্র উদ্যোক্তা ঋণে ২০টি ফরমের পরিবর্তে ০৬টি ফরম করা হয়। | চলমান | সেবাগ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে। | www.sfdf.gov.bd | |

২৪/০২/২০২৩

মাশিক ফরহাদ তিলক
সহকারী প্রোগ্রামার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার